

Living the Lotus

New Year's Issue

Buddhism in Everyday Life

2021

নতুন বছরের ধর্মবাণী

“আত্মানুভব করার চেষ্টা করি”

নিচিকো নিওয়ানো, প্রেসিডেন্ট, রিসসো কোসেই-কাই

করোনা হলো, সত্যিকারের মানবোচিত করণীয় বিষয়কে
পুনর্বিবেচনা করার একটা সুযোগ



সবাইকে, শুভ নববর্ষের শুভেচ্ছা অভিনন্দন জানাই।

গতবছর, করোনা ভাইরাসের প্রাদুর্ভাব এর কারণে, সবার দৈনন্দিন জীবনাচরণে বড় রকমের প্রভাব পড়েছে। সংক্রমণের কারণে অনেক মানুষ অকালে মৃত্যুবরণ করেছেন। সারা পৃথিবীতে সংক্রমিত হয়েছে প্রায় মৌল লাখের অধিক মানুষ। আমার অন্তরের অন্তস্থল থেকে সমবেদনা জ্ঞাপন করছি।

অত্রসংস্থায়, সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করার জন্য, প্রধান ধর্মশালা থেকে শুরু করে সকল শাখা সমূহ বন্ধ রেখে, সমস্ত কর্মকাণ্ড স্থগিত করা হয়েছে।

তাছাড়া, প্রত্যেকের দৈনন্দিন ব্যক্তিগত জীবনযাত্রা, কাজকর্ম, শিক্ষা, প্রশিক্ষণ, সন্তান প্রতিপালন, নার্সিং কেয়ার, বাড়ির কাজকর্ম ইত্যাদির ক্ষেত্রেও, নানান ভাবে পরিবর্তন করার আবশ্যিকতা দেখা দিয়েছে।

অনেক মানুষ উল্লেখযোগ্যহারে উপার্জন কমে যাওয়া, চাকরিচ্যুত হওয়া থেকে শুরু করে নানা সমস্যার সম্মুখীন হয়েছেন। এই কঠিন পরিস্থিতিতে একজন ভালবন্ধু এবং একই আদর্শের অনুসারী সংঘ হিসেবে সহানুভূতিপূর্ণ অন্তরে পরস্পরকে সাহায্য সহযোগিতা করার আশা রাখি।

করোনা ভাইরাসের এই আঘাত, মানব জীবনের সত্যিকারের মূল্যবোধ কী হওয়া উচিত তা পুনর্বিবেচনা করার সুযোগ করে দিয়েছে বলে আমি মনে করি।

New Year's Message 2021

কিছুদিন আগে বলেছিলাম, চাইনিজ হরফে লেখা "পরিদর্শন" শব্দের দুটি অর্থ আছে, একটা হলো বাদ দেয়া, অন্যটা হলো অবলোকন করা। এই করোনা পরিস্থিতিতে কী বাদ দিতে হবে আর কী দেখা উচিত হবে তা আবার স্পষ্ট করে ভেবে দেখার সময় এসেছে বলে আমি মনে করি।

একটা প্রতিবেদনে দেখা যায়, নতুন করোনা ভাইরাসের বিস্তারের প্রভাবে, নিজেদের জীবনে নতুনভাবে আরম্ভ করা, দৈনন্দিন অভ্যাস আর কর্মকান্ড সম্পর্কে জিজ্ঞাসা করলে দেখা যায়, অধিকাংশ ক্ষেত্রে, "পরিবারকে প্রাধান্য দেয়ার মানসিকতা সৃষ্টি হয়েছে" এমন লোকের সংখ্যা প্রায় চূয়াত্তর শতাংশ। অন্যদিকে, পারিবারিক কলহ গুরুতর রূপ নিয়ে বিচ্ছেদে পরিণত হচ্ছে "করোনা বিচ্ছেদ" এমন মামলা-মোকদ্দমার সংখ্যাও দিনদিন বৃদ্ধি প্রাপ্ত হচ্ছে।

এইসব বিষয় পর্যালোচনা করে, আমি নিম্নরূপভাবে "জাপানের রেইওয়া যুগের তৃতীয়তম কর্ম পরিকল্পনা" নির্ধারণ করেছি।

গতবছর করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের কারণে, আমাদের জীবনশৈলীতে অনেক পরিবর্তন সাধিত হয়েছে। বাইরে যাওয়া নিষেধ, ঘরে বসে টেলিওয়ার্ক করা ইত্যাদি। পরিবারে সময় কাটানো লোকের সংখ্যা বেড়ে গিয়ে, পরিবারের গুরুত্ব নিয়ে নানা প্রশ্ন উঠে আসছে।

এই বছর, অত্রসংস্থা প্রতিষ্ঠার তিরাশিতম প্রতিষ্ঠা বার্ষিকী বরণ করা হয়েছে। গত বছরের ন্যায় জীবনযাত্রা একই ভাবে চলবে কিন্তু, ধর্মীয় জীবনে, পরস্পর পরস্পরের সাথে স্বামী-স্ত্রী হিসেবে, পিতা-মাতা হিসেবে, একজন অভিভাবক হিসেবে, আগামী দিনের ভবিষ্যৎ শিশু, কিশোরদেরকে গুরুত্ব সহকারে প্রতিপালন করে, জীবন গঠনে কিভাবে সহায়তা করব, কিভাবে পরিবারকে সহযোগীতা করব, এসব বিষয়ে সৃজনশীল ও গুরুত্বসহকারে কাজ করে যাওয়ার প্রত্যাশা সকলের।

এখানে, "দম্পতি" বলতে, নবীনদের নির্দেশ করা হয়েছে। "মাতা" হলো যুবাদের দলভুক্ত, "অভিভাবক" বয়োজ্যেষ্ঠদের বুঝানো হয়, তাই তারা বয়োজ্যেষ্ঠদের পর্যায়ভুক্ত হবে। যার যার নিজস্ব অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে, সন্তান আর নাতিনাতনিদের তো অবশ্যই, ছেলে, মেয়ে এবং জামাতাদের সবাইকে শিক্ষা প্রদানের মাধ্যমে, প্রতিটা প্রজন্ম ছোট শিশু, যুবক-যুবতিদের শক্তিকে ফুটিয়ে তোলার গুরুত্বপূর্ণ অর্থ অন্তর্নিহিত আছে।

এই পরিকল্পনার বিষয়ে, গত বছর ফেব্রুয়ারি মাসের বার্ষিক লিডার সম্মেলনে, সকল ব্রাঞ্চপ্রধানদের কাছে ব্যাখ্যা করার সুযোগ হয়েছিল। সেই সময়, ওরিয়েন্টাল চিন্তাধারার জন্য সুপরিচিত অধ্যাপক মাসৎসু ইয়াসুওকার বইয়ের উদ্বৃতি দিয়ে, আমি নিম্নলিখিত রূপরেখাটি প্রণয়ন করেছিলাম।

পরিবারে সন্তানেরা, পিতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবে, আর নিজেও অনুরূপ সম্মানিত মানুষ হওয়ার চেষ্টা করবে। মা হবে ভালোবাসার প্রতিমূর্তি। সম্মান করলে সম্মানিত হবে, তাই মানুষকে সম্মান করা। নিজের চেয়ে উত্তম, মহৎ, প্রগতিশীল বিষয়ে উৎসারিত মানসিকতা হলো আত্মোন্নতির মানসিকতা।

কিন্তু গতবছর, মাতৃশ্রদ্ধার প্রতি জোর দেয়ার কারণে, পিতার প্রতি শ্রদ্ধা হ্রাস পেয়েছে। পিতা নিজেও, চাকুরি কেন্দ্রিক মানসিকাতা সম্পন্ন হয়ে, পরিবারের বিষয়ে তেমন কোন চিন্তা করেনি। পরিবারকে বিশ্বাসের স্থান মনে করে, স্বাচ্ছন্দ্যমতো অগোছালাভাবে জীবনযাপন করেছে। নিজে লজ্জিত হয়ে, নিজেকে নিয়ন্ত্রণ করার জন্য নিয়ম-শৃঙ্খলা তৈরী করেছেন। সম্মান আর লজ্জাবোধ হলো মানুষ হিসেবে অতি স্বাভাবিক ভাবে গুরুত্বপূর্ণ একটা বিষয়।

শিশুরা হলো নিষ্কলুষ, উজ্জ্বল আর প্রাণবরু। এবং শিশুরা সবার আগে পিতা-মাতার আচরণ থেকে শিক্ষা গ্রহণ করে। পিতা-মাতা বিষম আচরণ আর খারাপ বন্ধনের সাথে যুক্ত হলে, ভবিষ্যতে খারাপ প্রভাব পরিলক্ষিত হয়। অতএব, পিতা-মাতার ভূমিকা সম্পর্কে পুনর্বীর চিন্তা না করলে হবে না।

এবং পরিশেষে, “পিতা হবে সন্তানের শ্রদ্ধার পাত্র। মা হবে সন্তানের জন্য ভালবাসার উপযুক্ত স্থান। কেননা, পরিবার হলো সন্তানের সুতিকাগার” বিষয়টা পুনর্বীর দেখিয়ে দিয়ে আমার বক্তব্যে ইতি টানতে চাই।

এই বিষয়টি, আমাদের সব সময় অন্তরে ধারণ করে এগিয়ে যেতে হবে। অত্রসংস্থার মধ্যেও অতীতে এমনও হয়েছে, মিশনারী কাজে একাত্মতার কারণে, পরিবারিক বিষয়ে অনেক সময় যত্ন নেয়া হয়নি। এখন থেকে, মিশনারী কাজও গুরুত্বপূর্ণ, পরিবারও গুরুত্বপূর্ণ এরূপ ধর্মানুশীলনের প্রক্রিয়াই সমীচিন হবে বলে মনে করি।

ভবিষ্যতের কর্ণধার শিশু কিশোরদের কিভাবে লালন-পালন করবেন, ব্যক্তিত্ব গঠনের পরিকল্পনা আছে কী

এই পর্যন্ত আমি, সবাইকে, মানুষ রোপণ (লালনপালন) করার মতো মৌলিক গুরুত্বপূর্ণ বিষয়ে সর্বাঙ্গিক প্রচেষ্টা চালিয়ে যাওয়া সম্পর্কে বলে এসেছিলাম।

এর সবচেয়ে মৌলিক উৎস হলো, পরিবারের শিক্ষা। একতাবদ্ধ পরিবার (পরিবারে পারস্পরিক সহযোগিতা) এর মাধ্যমে যথোপযুক্ত মানবিকতা, নিয়মানুবর্তী, শৃঙ্খলাবোধ শিক্ষা দান, সেইসাথে স্কুলের পুঁথিগত শিক্ষা গ্রহণের মাধ্যমে সত্যিকার অর্থে, “মানুষ রোপণ করা” এই বিষয়টি সুসংবদ্ধ হবে।

এবং, বাস্তবে পরিবারকে সুশৃঙ্খলাবদ্ধ করার জন্য, “বুদ্ধের আসন কেন্দ্রিক জীবনানুশীলন” আর “তিনটি গুরুত্বপূর্ণ অনুশীলন” এর ধারাবাহিকতা জরুরী। “পরিবারে শুভসকাল বলে অভিবাদনের চর্চা করা। কেউ ডাকলে ‘আজ্ঞা’ বলে স্পষ্ট করে উত্তর দেয়া। জুতা ও ব্যবহার্য জিনিস পরিপাটি করে রাখা, এসব গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে বলেছি। এই সমস্ত মৌলিক বিষয় অনুধাবন করার মাধ্যমে, মানবিক শিক্ষার ভিত্তি রচিত হয়।

আবার, পরিবারে শিশু কিশোরদের শিক্ষা দানের ক্ষেত্রে, সবচেয়ে মৌলিক গুরুত্বপূর্ণ বিষয় হলো, পিতামাতা সন্তানদের কোন দৃষ্টিভঙ্গি দিয়ে দেখেন।

প্রাচীনকাল থেকে জাপানে সন্তান প্রতিপালনের সংস্কৃতিতে, সন্তান হলো ঈশ্বরের দান, উপহার হিসেবে অর্থাৎ বিস্ময়ে স্বাগত জানানোর রীতি প্রচলন ছিল।

কিছুদিন আগে, নিগাতা প্রদেশের নিগাতা শহরে অবস্থিত কেইওয়া গাকুয়েন হাই স্কুলের প্রধান শিক্ষক ওওতা তোসিও এর লেখা একটা বই পড়েছিলাম। খৃষ্টান ধর্মের অনুসারী শিক্ষক ওওতা ছোট বেলায়, বেশ দুর্বল ছিল বলে অনেকে ঠাট্টা করতো। সেই সময়, তাঁর মা তাঁকে এভাবে সাহায্য দিয়ে বলতেন।

“তুমি, শারীরিকভাবে দুর্বল সেইজন্য, তোমার মনটাও দুর্বল। তাই, বর্তমানকে দেখ। একজন চমৎকার প্রাপ্তবয়স্ক মানুষ হিসেবে, সৃষ্টিকর্তার ইচ্ছাকে পূরণ করে অভিশেষে পৌঁছানোর দিন আসবেই। সেই দিন যে আসবে তা বিশ্বাস করি তাই, মা একটুও হতাশ নই। দুর্বলতার সময়, প্রয়োজনে কান্না করো তাতেই যথেষ্ট।”

শিক্ষক ওওতা, এভাবে মায়ের আস্থার প্রতি জবাব দেওয়ার জন্য, কৈশোরের পর থেকে নিয়মিতভাবে এরূপ ইচ্ছা লালন করে এসেছেন বলে তার অভিব্যক্তিতে জানান। নিজের সন্তানের প্রতি “সৃষ্টিকর্তার দেয়া দায়িত্ব আছে” বলে বিশ্বাস ও সম্মানকারী মায়ের অবয়ব দেখে হৃদয় বিমুক্ত হয়।



New Year's Message 2021

“পিতামাতাকে দেখে সন্তানরা বড় হয়” যেমনটি বলা হয়ে থাকে তদ্রূপ, ভাল-মন্দ সবই পিতামাতার সম্পাদিত সব কিছুরই, সন্তানকে প্রভাবিত করে।

একদা, চীন দেশের জিআন নামে একটা রাজনীতিবিদের পরিবারের একটা ঘটনা আছে। তার শিক্ষানুরাগী স্ত্রী তাকে জিজ্ঞাসা করলেন, “তুমি কেন, সন্তানের শিক্ষা নিয়ে মোটেই চিন্তা কর না।” উত্তরে রাজনীতিবিদ জিয়ান বলেছিলেন, “আমি, সবসময় সন্তানকে শিক্ষা দিচ্ছি। মুখে আর হাতে কলমে কেবল শিক্ষা দিচ্ছি না, সর্বাঙ্গ দিয়ে শিক্ষা দিচ্ছি বলে মনে করি।” জোরগলায় বলে কিংবা, শৃঙ্খলা শেখানোর নামে হাত দিয়ে বেদ্রাঘাত করার বদলে, দৈনন্দিন জীবনচরণের মাধ্যমে নিজেকে অনুকরণীয় উদাহরণ হিসেবে উপস্থাপন করাই হলো, সন্তানের শিক্ষাদানের বেলায় অপরিহার্য বিষয়।

তাছাড়া এমন একটা কাহিনী আছে, জাতীয় যোদ্ধা হিসেবে সুপরিচিত হসোগাওয়া ফুজিতাকা, তার প্রাপ্তবয়স্ক ছেলে যখন আসে, ছেলের সামনে নিজের সাচ্ছন্দ্যমতো করে সাক্ষাৎ করেন। কিন্তু, যখন তার ছোট্ট নাতি আসে তখন, নিজেকে যথাযথভাবে পরিপাটি করে তারপর নাতির সাথে সাক্ষাৎ করেন। পরিবারের একজন বয়োজ্যেষ্ঠ তার কারণ জানতে চাইলে, তখন তিনি বলেছিলেন, “নাতির এখন থেকে ভবিষ্যত রচিত হবে তাই, আমিও সম্মানের সহিত সাক্ষাৎ না করলে চলবে না।”

আমার নিজের পরিবারের মধ্যেও, জন্মের আগে, সম্মানিত প্রতিষ্ঠাতা, বন্দনার সময় থেকে, সদরদপ্তরে পৌঁছানোর সময় পর্যন্ত, প্রতিদিন একই নিয়মে জীবন পরিচালিত করেছিলেন। আমরা সন্তানেরা, সকাল ও সন্ধ্যাকালীন প্রার্থনার সময় মাঝে মাঝে দেরি করে ফেলতাম কিন্তু, সম্মানিত প্রতিষ্ঠাতা, সবসময় নির্ধারিত সময়ে বন্দনা শুরু করে দিতেন। সেই কাজটাকে, অতি স্বাভাবিকভাবে সম্পাদন করার চেতনা দেখে, “সত্যিই যে তাঁর ধর্মের প্রতি অগাধ বিশ্বাস আছে” তা অন্তর থেকে উপলব্ধি করতে পেরেছিলাম। সম্মানিত প্রতিষ্ঠাতাও যে, নিজের আচরণ দিয়ে আমাদের শিক্ষা দান করেছেন, এখন আমি তা দারুণভাবে বুঝতে পারছি।

এভাবে, সন্তানের শিক্ষা সম্পর্কে বলা হলেও, সর্বোপরি, পিতামাতার উপলব্ধি আর জীবনচরণ এর উপর নির্ভর করবে। পরস্পর, আপনা হতে বারংবার আত্মসমালোচনা করার মাধ্যমে, ভবিষ্যতের কর্ণধার শিশু কিশোরদের নিকট যথোপযুক্ত আচরণ তথা অনুকরণীয় উদাহরণ স্থাপন করার আহবান সকলের কাছে।

উন্নত মনোভাব, সহানুভূতিশীল মানুষ রূপে প্রতিপালন করাই, সত্যিকার অর্থে মানুষ গড়ে তোলা

এই বছর মার্চের এগারো তারিখ পূর্ব জাপানে সংঘটিত ভূমিকম্পের দশ বছর অতিবাহিত হয়েছে। এখনো আশ্রয়কেন্দ্রে আছে অনেকে, চল্লিশ হাজারের বেশি হবে। পারমাণবিক দুর্ঘটনার কারণে নিজের আপন শহরে ফিরতে পারছেন না এমন লোক আছে অসংখ্য। আমরা, সবসময় কোন বিষয়টি জরুরী তা জিজ্ঞাসা পূর্বক, ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মানসিক স্বস্তি জোগাতে, যার যার নিজের অবস্থান থেকে সহযোগিতা দান করে যাওয়ার প্রত্যাশা রাখি।

ভূমিকম্পের সময়, আমি “এক বছরের পরিকল্পনা থাকলে শষ্য চাষ কর। দশ বছরের পরিকল্পনা হলে বৃক্ষ লাগাও। বলেছিলাম, সারা জীবনের পরিকল্পনা থাকলে তবে মানুষ তৈরী করার কোন বিকল্প নাই।” পুরাতন চিনা সাহিত্যের এই উদ্বৃতি দিয়ে বলেছিলাম যে, উত্তম সমাজ তৈরী করার জন্য, সবচেয়ে বেশি জরুরী হলো ভালো মানুষ তৈরী করা।

বুদ্ধিবিলাস আর যুক্তি দিয়ে নয়, মানুষের অন্তরের অবস্থাকে বোঝার আবেগ ও অনুভূতি সম্পন্ন মানুষ তথা, সহানুভূতি পরায়ন মানুষ হিসেবে গড়ে তুলতে না পারলে, সত্যিকারের মানুষ কখনো তৈরী হবে না, সমৃদ্ধ সমাজও প্রতিষ্ঠা হবে না।

জেন ধর্মের ধর্মগুরু গোওগেন জেনজি বলেছিলেন, “নিজের পারের চিন্তা ছাড়া, অপরে আগে পার কর।” নিজে বিভ্রান্তি আর দুঃখ-কষ্টের মাঝে থেকেও, কাউকে সংকটবস্থায় দেখলে, কিছু একটা করার মতো মৈত্রী করণার অন্তরকে প্রসন্ন করা। কেবলমাত্র নিজের আপন সুখের জন্য নয়, সকলে একসাথে দুঃখ থেকে মুক্ত হওয়ার মতো যথাসাধ্য চেষ্টা করা। এটাই যে বোধিসত্ত্বের মনের অবস্থা, তা এখানে শিক্ষা দেয়া হয়েছে।


অর্থাৎ, রিস্‌সো কোসেই-কাই এর শিক্ষায় বর্ণিত “আগে অন্যকে স্থান দেওয়া” এরূপ উন্নত সুন্দর মনোভাবাপন্ন মানুষে পরিণত হওয়া, দম্পতি হিসেবে, পিতা-মাতা হিসেবে অভিভাবক হিসেবে, আবার অত্র সংস্থার সংঘ বন্ধু স্বরূপ নানা দায়িত্ব রয়েছে। সমন্বিত শক্তিকে একিভূত করে, এই মৌলিক বিষয়কে গুরুত্বসহকারে নেয়ার আশা রাখি।

এবং, এই এক বছর, পারিবারিক বন্ধন, সামাজিক বন্ধনকে আরও সুদৃঢ় করার মাধ্যমে, একে অন্যকে পারস্পরিক সহযোগীতা দান করে, সম্মুখের সকল কঠিন পরিস্থিতি থেকে পরিত্রাণ লাভের প্রত্যাশা রাখি।

“কোসেই পত্রিকা” ২০২১ সালের ৩রা জানুয়ারী থেকে সংগৃহীত



Rissho Kosei-kai: A Global Buddhist Movement



Rissho Kosei-kai Buddhist Church of Hawaii

2280 Auhuhu Street, Pearl City, HI 96782, USA
 TEL: 1-808-455-3212 FAX: 1-808-455-4633
 Email: sangha@rkhawaii.org URL: <http://www.rkhawaii.org>

Rissho Kosei-kai Maui Dharma Center

1817 Nani Street, Wailuku, HI 96793, USA
 TEL: 1-808-242-6175 FAX: 1-808-244-4625

Rissho Kosei-kai Kona Dharma Center

73-4592 Mamalahoa Highway, Kailua-Kona, HI 96740, USA
 TEL: 1-808-325-0015 FAX: 1-808-333-5537

Rissho Kosei-kai Buddhist Center of Los Angeles

2707 East First Street, Los Angeles, CA 90033, USA
 POBox 33636, CA 90033, USA
 TEL: 1-323-269-4741 FAX: 1-323-269-4567
 Email: rk-la@sbcglobal.net URL: <http://www.rkina.org/losangeles.html>

Please contact Rissho Kosei-kai Buddhist Center of Los Angeles

- Rissho Kosei-kai Buddhist Center of Arizona**
- Rissho Kosei-kai Buddhist Center of Colorado**
- Rissho Kosei-kai Buddhist Center of San Diego**
- Rissho Kosei-kai Buddhist Center of Las Vegas**
- Rissho Kosei-kai Buddhist Center of Dallas**

Rissho Kosei-kai of San Francisco

1031 Valencia Way, Pacifica, CA 94044, USA
 POBox 778, Pacifica, CA 94044, USA
 TEL: 1-650-359-6951 Email: info@rksf.org URL: <http://www.rksf.org>

Please contact Rissho Kosei-kai of San Francisco

- Rissho Kosei-kai of Sacramento**
- Rissho Kosei-kai of San Jose**

Rissho Kosei-kai of New York

320 East 39th Street, New York, NY 10016, USA
 TEL: 1-212-867-5677 Email: rky39@gmail.com URL: <http://rk-ny.org>

Rissho Kosei-kai of Chicago

1 West Euclid Ave., Mt. Prospect, IL 60056, USA
 TEL: 1-773-842-5654
 Email: murakami4838@aol.com URL: <http://rkchi.org>

Rissho Kosei-kai of Fort Myers

URL: <http://www.rkftmyersbuddhism.org>

Rissho Kosei-kai Dharma Center of Oklahoma

2745 N.W. 40th St., Oklahoma City, OK 73112, USA
 POBox 57138, Oklahoma City, OK 73157, USA
 TEL: 1-405-943-5030 FAX: 1-405-943-5303
 Email: rkokdc@gmail.com URL: <http://www.rkok-dharmacenter.org>

Rissho Kosei-kai Dharma Center of Denver

1255 Galapago St. #809 Denver, CO 80204, USA
 TEL: 1-303-446-0792

Rissho Kosei-kai Dharma Center of Dayton

617 Kling Drive, Dayton, OH 45419, USA
 URL: <http://www.rkina-dayton.com>

The Buddhist Center Rissho Kosei-kai International of North America (RKINA)

2707 East First St., Suite #1, Los Angeles, CA 90033, USA
 TEL: 1-323-262-4430 FAX: 1-323-269-4567
 Email: dharmasa@rksabuddhistcenter.org
 URL: <http://rksabuddhistcenter.org>

Rissho Kosei-kai Buddhist Center of San Antonio

(Address) 6083 Babcock Road, San Antonio, TX 78240, USA
 (Mail) POBox 692148, San Antonio, TX 78249, USA
 TEL: 1-210-558-4430 FAX: 1-210-696-7745
 Email: dharmasanantonio@gmail.com
 URL: <http://www.rkina.org/sanantonio.html>

Rissho Kosei-kai of Seattle's Buddhist Learning Center

28621 Pacific Highway South, Federal Way, WA 98003, USA
 TEL: 1-253-945-0024 Email: rkseattlewashington@gmail.com
 URL: <http://buddhistlearningcenter.org>

Rissho Kosei-kai of Vancouver

Please contact RKINA

Rissho Kosei-kai do Brasil

Rua Dr. José Estefno 40, Vila Mariana, São Paulo-SP, CEP 04116-060, Brasil
 TEL: 55-11-5549-4446, 55-11-5573-8377
 Email: risho@rkk.org.br URL: <http://www.rkk.org.br>

Rissho Kosei-kai de Mogi das Cruzes

Av. Ipiranga 1575-Ap 1, Mogi das Cruzes-SP, CEP 08730-000, Brasil

在家佛教韓國立正佼成會

〒 04420 大韓民國 SEOUL 特別市龍山區漢南大路 8 路 6-3
6-3, 8 gil Hannamdaero Yongsan gu, Seoul, 04420, Republic of Korea
TEL: 82-2-796-5571 FAX: 82-2-796-1696

在家佛教韓國立正佼成會釜山支部

〒 48460 大韓民國釜山廣域市南區水營路 174, 3F
3F, 174 Suyoung ro, Nam gu, Busan, 48460, Republic of Korea
TEL: 82-51-643-5571 FAX: 82-51-643-5572

社團法人在家佛教立正佼成會

台灣台北市中正區衡陽路 10 號富群資訊大廈 4 樓
4F, No. 10, Hengyang Road, Jhongheng District, Taipei City 100, Taiwan
TEL: 886-2-2381-1632, 886-2-2381-1633 FAX: 886-2-2331-3433

台南市在家佛教立正佼成會

台灣台南市崇明 23 街 45 號
No. 45, Chongming 23rd Street, East District, Tainan City 701, Taiwan
TEL: 886-6-289-1478 FAX: 886-6-289-1488
Email: kosekaitainan@gmail.com

Rissho Kosei-kai South Asia Division

Thai Rissho Friendship Foundation
201 Soi 15/1, Praram 9 Road, Bangkapi, Huaykhwang, Bangkok 10310, Thailand
TEL: 66-2-716-8141 FAX: 66-2-716-8218

Rissho Kosei-kai of Kathmandu

Ward No. 3, Jhamsikhel, Sanepa-1, Lalitpur, Kathmandu, Nepal

Rissho Kosei-kai of Kolkata

E-243 B. P. Township, P. O. Panchasayar, Kolkata 700094, India

Rissho Kosei-kai of Kolkata North

AE/D/12 Arjunpur East, Teghoria, Kolkata 700059,
West Bengal, India

Rissho Kosei-kai of Bodhgaya Dharma Center

Ambedkar Nagar, West Police Line Road, Rumpur, Gaya-823001,
Bihar, India

Rissho Kosei-kai of Patna Dharma Center

Please contact Rissho Kosei-kai of Kolkata

Rissho Kosei-kai of Central Delhi

77 Basement D.D.A. Site No. 1, New Rajinder Nagar,
New Delhi 110060, India

Rissho Kosei-kai of Singapore

Please contact Rissho Kosei-kai International

Rissho Kosei-kai of Phnom Penh

W.C. 73, Toul Sampaov Village, Sangkat Toul Sangke, Khan Reouseykeo,
Phnom Penh, Cambodia

RKISA Rissho Kosei-kai International of South Asia

Thai Rissho Friendship Foundation
201 Soi 15/1, Praram 9 Road, Bangkapi, Huaykhwang, Bangkok 10310, Thailand
TEL: 66-2-716-8141 FAX: 66-2-716-8218

Rissho Kosei-kai of Bangkok

Thai Rissho Friendship Foundation
201 Soi 15/1, Praram 9 Road, Bangkapi, Huaykhwang, Bangkok 10310, Thailand
TEL: 66-2-716-8216 FAX: 66-2-716-8218 Email: info.thairissho@gmail.com

Rissho Kosei Dhamma Foundation

No. 628-A, Station Road, Hunupitiya, Wattala, Sri Lanka
TEL: 94-11-2982406 FAX: 94-11-2982405

Rissho Kosei-kai of Polonnaruwa

Please contact RiKISA

Rissho Kosei-kai Bangladesh

85/A Chanmari Road, Lalkhan Bazar, Chittagong, Bangladesh
TEL/FAX: 880-31-626575

Rissho Kosei-kai Mayani

Mayani Barua Para, Mirsarai, Chittagong, Bangladesh

Rissho Kosei-kai Damdama

Damdama Barua Para, Mirsarai, Chittagong, Bangladesh

Rissho Kosei-kai Satbaria

Village: Satbaria Bepari Para, Chandanaih, Chittagong, Bangladesh

Rissho Kosei-kai Chendhirpuni,

Village: Chendhirpuni, P.O.: Adhunogar, P.S.: Lohagara, Chittagong,
Bangladesh

Rissho Kosei-kai Raozan

Dakkhin Para, Ramzan Ali Hat, Raozan, Chittagong, Bangladesh

Rissho Kosei-kai Laksham

Village: Dhupchor, Laksham, Comilla, Bangladesh

Rissho Kosei-kai Dhaka

408/8 DOSH, Road No 7 (West), Baridhara, Dhaka, Bangladesh

Rissho Kosei-kai Cox's Bazar

Ume Burmize Market, Tekpara, Sadar, Cox's Bazar, Bangladesh

Please contact Rissho Kosei-kai Bangladesh

Rissho Kosei-kai Patiya**Rissho Kosei-kai Ramu****Rissho Kosei-kai Aburkhiln****Buddiyskiy khram "Lotos"**

4 Gruzinski Alley, Yuzhno-Sakhalinsk 693005, Russia
TEL: 7-4242-77-05-14

Rissho Kosei-kai of Hong Kong

Flat D, 5/F, Kiu Hing Mansion, 14 King's Road, North Point, Hong Kong, China

Rissho Kosei-kai Friends in Shanghai**Rissho Kosei-kai of Ulaanbaatar**

(Address) 15F Express Tower, Peace avenue, khoro-1, Chingeltei district,
Ulaanbaatar 15160, Mongolia
(Mail) POBox 1364, Ulaanbaatar-15160, Mongolia
TEL: 976-70006960 Email: rkkmongolia@yahoo.co.jp

Rissho Kosei-kai of Erdenet

Please contact Rissho Kosei-kai International

Rissho Kosei-kai di Roma

Via Torino, 29, 00184 Roma, Italia
TEL/FAX: 39-06-48913949 Email: roma@rk-euro.org

Please contact Rissho Kosei-kai di Rome

Rissho Kosei-kai of Paris**Rissho Kosei-kai of Venezia****Rissho Kosei-kai of the UK**

29 Ashbourne Road, London W5 3ED, UK
TEL: 44-20-8933-3247 Email: info@rkuk.org URL: <https://www.rkuk.org>
Facebook: <https://www.facebook.com/RKUnitedKingdom>
Twitter: https://twitter.com/rkuk_official
Instagram: https://www.instagram.com/rkuk_official

Rissho Kosei-kai International Buddhist Congregation (IBC)

166-8537 東京都杉並区和田 2-7-1 普門メディアセンター 3F
Fumon Media Center 3F, 2-7-1 Wada, Suginami-ku, Tokyo 166-8537, Japan
TEL: 03-5341-1230 FAX: 03-5341-1224 URL: <http://www.abc-rk.org>